ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*********

স- ১৬১৫

সোনামুড়া, ৮ জুলাই, ২০২৫

**আগামীকাল সোনামুড়ার পাঁচটি স্থানে বিপর্যয় মোকাবিলা বিষয়ক মহড়া**

আগামী ৯ জুলাই সারা রাজ্যের সাথে সোনামুড়া মহকুমার পাঁচটি স্থানে ঘূর্ণিঝড়, বন্যা ও ভূমিধ্বস ইত্যাদি প্রাকৃতিক বিপর্যয় বিষয়ে এক মেগা মহড়া অনুষ্ঠিত হবে। সকাল ৭টা থেকে মহকুমার পূর্ব চন্ডীগড়, পোয়াংবাড়ি, রাজঘাট- ১, রাজঘাট-২ এবং তেলকাজলাস্থিত লোহার ব্রীজ সংলগ্ন স্থানে এই মহড়া অনুষ্ঠিত হবে। সোনামুড়া মহকুমা প্রশাসনের দুর্যোগ মোকাবিলা ব্যবস্থাপনার শাখা আধিকারিক তথা ডিসিএম প্রবীর সাহা জানিয়েছেন, সম্প্রতি এক সভায় বিপর্যয় মোকাবিলার কাজে যুক্ত সংশ্লিষ্ট দপ্তরের আধিকারিক, সামাজিক সংস্থা, ভলান্টিয়ারদের উপস্থিতিতে এই মহড়া বিষয়ে প্রস্তুতি নেওয়া হয়। এই মহড়া পরিচালনায় টি এস আর ১১নং ব্যাটেলিয়ন, বিএসএফের ৮১নং ব্যাটেলিয়ন, ফায়ার ও ইমার্জেন্সি পরিষেবা, কাঠালিয়া, সোনামুড়া ও মেলাঘর থানা, সংশ্লিষ্ট বিভিন্ন দপ্তর, ইন্ডিয়ান রেডক্রস সোসাইটির শাখা, সিভিল ডিফেন্স ভলান্টিয়ার, আপদা মিত্র, এন এস এস ভলান্টিয়ার এবং স্থানীয় জনগণ অংশ নেবেন। আগামীকালের এই মহড়া বিষয়ে মহকুমা প্রশাসনের পক্ষ থেকে সকলের সহযোগিতা কামনা করা হয়েছে।

*****